


নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ, ২৪ মার্চ ২০১৪ /১০ চৈত্র ১৪২০

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.১৪-১৯৭।- জাতীয় সংসদের ৫০টি সংরক্ষিত মহিলা আসনের নির্বাচনের জন্য প্রজ্ঞাপন নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১-১২৭, তারিখ ২৩ ফেব্রুয়ারি ২০১৪/১১ ফাল্গুন ১৪২০ এর মাধ্যমে সময়সূচি ঘোষণা করা হয়। পরবর্তীতে প্রজ্ঞাপন নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১-১৪২, তারিখ ২৫ ফেব্রুয়ারি ২০১৪/১৩ ফাল্গুন ১৪২০ এর মাধ্যমে পুনঃ নির্ধারিত সময়সূচি ঘোষণা করা হয়। মনোনয়নপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের মধ্যে ৫০ জন মনোনয়নপত্র দাখিল করেন। দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ পূর্ব ঘোষিত সময়সূচি অনুসারে ১১ মার্চ ২০১৪ তারিখে বাছাই করতঃ ৪৮ জনের মনোনয়নপত্র বৈধ বলিয়া বিবেচিত হয় এবং বাংলাদেশ আওয়ামী লীগের মনোনীত প্রার্থী সাবিহা নাহার বেগম এবং জাতীয় পার্টির মনোনীত প্রার্থী খোরশেদ আরা হক এর মনোনয়নপত্র বাতিল করা হয়। মনোনয়নপত্র বাতিলাদেশের বিরুদ্ধে খোরশেদ আরা হক এবং সাবিহা নাহার বেগম ১২ মার্চ ২০১৪ তারিখে মাননীয় নির্বাচন কমিশনে যথাক্রমে নির্বাচনি আপিল নং ০৪/২০১৪ ও ০৫/২০১৪ দায়ের করেন। মাননীয় নির্বাচন কমিশন ১৬ মার্চ ২০১৪ তারিখে শুনানিঅন্তে আপিল দুইটি নামঞ্জুর করেন। প্রার্থিতা প্রত্যাহারের জন্য নির্ধারিত সময় ১৮ মার্চ ২০১৪ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে কোন প্রার্থীই প্রার্থিতা প্রত্যাহার করেন নাই। জাতীয় সংসদ (সংরক্ষিত মহিলা আসন) নির্বাচন আইন, ২০০৪ এর ধারা ১২ এর উপ-ধারা (২) অনুসারে রিটার্নিং অফিসার ৪৮ জনকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করেন। এই প্রেক্ষিতে জাতীয় সংসদ (সংরক্ষিত মহিলা আসন) নির্বাচন আইন, ২০০৪ এর ধারা ৪ অনুসারে রাজনৈতিক দল ও জোটের অনুকূলে বন্টনকৃত সংরক্ষিত মহিলা আসনসমূহের ভিত্তিতে ধারা ২৬(২) অনুসারে মাননীয় নির্বাচন কমিশন জাতীয় সংসদে সংরক্ষিত মহিলা আসনে “সংসদ সদস্য” হিসেবে নির্বাচিত প্রার্থীদের নাম, পিতা/স্বামীর নাম এবং ঠিকানা সম্বলিত গেজেট বিজ্ঞপ্তি ২০ মার্চ ২০১৪ তারিখে বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করেন। জাতীয় সংসদ (সংরক্ষিত মহিলা আসন) নির্বাচন আইন, ২০০৪ এর ধারা ১২ এর উপ-ধারা (৪) এবং ধারা ৩০ অনুযায়ী এতদ্বারা জাতীয় সংসদের ৫০টি সংরক্ষিত মহিলা আসনের অবশিষ্ট ০২টি সংরক্ষিত মহিলা আসনের নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছেঃ

ক্রমিক	বিবরণী	তারিখ ও বার	সময়	স্থান
১	২	৩	৪	৫
(১)	প্রার্থী/প্রস্তাবক/সমর্থক কর্তৃক রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের তারিখ, সময় ও স্থান	০১ এপ্রিল ২০১৪ ----- (মঙ্গলবার) ১৮ চৈত্র ১৪২০	সকাল ৯.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত	রিটার্নিং অফিসারের অফিস কক্ষ, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
(২)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ, সময় ও স্থান	০২ এপ্রিল ২০১৪ ----- (বুধবার) ১৯ চৈত্র ১৪২০	সকাল ১০.০০ টা হতে বাছাই শেষ না হওয়া পর্যন্ত	রিটার্নিং অফিসারের অফিস কক্ষ, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
(৩)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ, সময় ও স্থান	০৯ এপ্রিল ২০১৪ ----- (বুধবার) ২৬ চৈত্র ১৪২০	বিকাল ৫.০০ টা পর্যন্ত	রিটার্নিং অফিসারের অফিস কক্ষ, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা
(৪)	ভোটগ্রহণের তারিখ, সময় ও স্থান	১৭ এপ্রিল ২০১৪ ----- (বৃহস্পতিবার) ০৪ বৈশাখ ১৪২১	সকাল ৮.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত	নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা

নির্বাচন কমিশনের আদেশক্রমে

(মোঃ সিরাজুল ইসলাম)
ভারপ্রাপ্ত সচিব

প্রাপক,

উপ পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা


অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশপূর্বক গেজেটের ৫০০(পাঁচশত) কপি সরকারি কাজে ব্যবহারের লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করিবার জন্য অনুরোধ করা যাইতেছে।

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০১.১৪-১৯৭

তারিখঃ ২৪ মার্চ ২০১৪

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়/প্রধানমন্ত্রীর কার্যালয়/জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা
- ৩। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা
- ৪। সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা
- ৫। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ
- ৬। যুগ্মসচিব (নির্বাচন ব্যবস্থাপনা অনুবিভাগ-২), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা ও রিটার্নিং অফিসার
- ৭। নির্বাচন কমিশন সচিবালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা।



(মোঃ ফরহাদ হোসেন)

সিনিয়র সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১

ফোনঃ ৯১৮০৭৮৪